



পাকুন্দিয়া পৌরসভা কার্যালয়

উপজেলা : পাকুন্দিয়া, জেলা : কিশোরগঞ্জ।

স্মারক নং-পাত্ত/পৌর/প্রশা/২০২২/২৫ - ১৪

তারিখঃ ২২/০২/২০২২খ্রিঃ

অফিস আদেশ

স্থানীয় সরকার পৌরসভার আইন ২০০৯ এর ধারা ৫৫ অনুসারে ৩০/০১/২০২২খ্রিঃ তারিখের মানিক সভায় সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী আড়াই বৎসরের জন্য নিম্নরূপ স্থায়ী কমিটি গঠন করা হল।

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	বেগম মোছাঃ নাছরিন আক্তার (শ্রীয়া)	কাউন্সিলর সংরক্ষিত আসন -১,২,৩	সভাপতি
০২	জনাব মোঃ নজরুল ইসলাম আকন্দ	মেয়র	সদস্য
০৩	জনাব মোঃ মোস্তফা কামাল	কাউন্সিলর ওয়ার্ড নং ০৯	সদস্য
০৪	জনাব মোঃ শফিকুল ইসলাম (আরিফ)	কাউন্সিলর ওয়ার্ড নং ০১	সদস্য
০৫	বেগম মোছাঃ উম্মে কুলসুম	কাউন্সিলর সংরক্ষিত আসন -৪,৫,৬	সদস্য

কমিটির কার্যপরিধি :

- ১। পৌরসভার বিভিন্ন কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
- ২। আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত মহিলাদের অধিকতর আকৃষ্ট করার জন্য ব্যবসায়ী মহিলাদের জন্য পৌর মার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে কোটা সংরক্ষণ করা;
- ৩। নারী শিক্তসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কল্যাণে বিভিন্নমুখী উন্নয়ন কার্যক্রম গ্রহণে সুপারিশ করা;
- ৪। নারী ও শিশু পাচার এবং বাল্য বিবাহ রোধে জনগণকে সচেতন করা। যৌতুক বিরোধী অভিযান পরিচালনা করা। যৌতুকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগণকে অবহিত করা;
- ৫। জন্ম-মৃত্যুর তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করা। জন্ম নিবন্ধন করিতে পৌরবাসীকে উৎসাহিত করা;
- ৬। দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধাব নিবাস বা আশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা;
- ৭। ভিক্ষাবৃত্তি, ইভটিজিং পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগণকে সচেতন করা এবং পৌরসভার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করিতে সুপারিশ করা;
- ৮। শিশুদের জন্য খেলার মাঠ ও বিনোদন কেন্দ্র বা পার্ক নির্মাণে সুপারিশ করা;
- ৯। জেলা পয়ামের পৌরসভার ক্ষেত্রে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);
- ১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

- ১। জনাব-----
- ২। সচিব, পাকুন্দিয়া পৌরসভা।
- ৩। সহকারী প্রকৌশলী, পাকুন্দিয়া পৌরসভা।

-----কাউন্সিলর (সকল) পাকুন্দিয়া পৌরসভা।

মেয়র
পাকুন্দিয়া পৌরসভা
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

২২-০২-২০২২
(মোহাম্মদ নজরুল ইসলাম আকন্দ)